# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫০৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ ইয়াহুদী ও খ্রীষ্টানরা সালাম দিলে কীভাবে তার জবাব দিতে হবে, তার বিবরণ

## ذِكْرُ وَصَفِ رَدِّ السَّلَامِ لِلْمَرْءِ عَلَى أَهْلِ الْكِتَابِ إِذَا سلَّموا عَلَيْهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرُ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ: عَنْ أَنَسٍ أَنَّ يَهُودِيًّا سلَّم عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصْحَابِهِ فقَالَ: السَّامُ عَلَيْكُمْ فقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَتَدْرُونَ مَا قَالَ)؟ قَالُوا: نَعَمْ سَلَّمَ عَلَيْنَا قَالَ: (لَا إِنَّمَا قَالَ: السَّامُ عَلَيْكُمْ أَيْ: تُسامون دِينَكُمْ فَإِذَا سَلَّمَ عَلَيْكُمْ رجل من أهل الكتاب فقولوا: وعليك.)

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 503 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৫০৩. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “একবার এক ইয়াহুদী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীদের সালাম দেয় এই বলে যে, “আস সামু ‘আলাইকুম” (অর্থাৎ তোমাদের মৃত্যু হোক!) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাহাবীদের উদ্দেশ্যে বলেন: “তোমরা কি জানো সে কী বলেছে?” সাহাবীগণ বলেন: “হ্যাঁ, সে আমাদের সালাম দিয়েছে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “না, নিশ্চয়ই সে বলেছে: “আস সামু ‘আলাইকুম” (অর্থাৎ তোমাদের দ্বীন দুর্বল হোক!”) কাজেই কোন ব্যক্তি যখন তোমাদের সালাম দিবে, তখন তোমরা জবাবে বলবে, “ওয়া ‘আলাইকা” (অর্থাৎ এবং তোমার উপরও।)”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬৩০; ইবনু মাজাহ: ৩৬৯৭; মুসলিম: ২১৬৩; আবু দাউদ: ৫২০৭; তিরমিযী: ৩৩০১; আদাবুল মুফরাদ: ১১০৫; আত তায়ালিসী: ২০৬৯; সহীহ আল বুখারী: ৬৯২৬; মুসনাদ আহমাদ: ৩/৯৯।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১২৭৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88967

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন